গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ

স্মারক নং: ৩৭.০২.৪৪১৯.০০০.১৫.০৩.২৬-২৪১(১১৬) তারিখ: ২০-০৭-২০২৬ খ্রি.

বিষয়: সংস্কৃতি বিষয়ক মন্ত্রনালয়ের উদ্যোগে নজরুল বর্ষ উদযাপন উপলক্ষ্যে সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং: ৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৪৪.২৬.(অংশ-২).৫১৫; তারিখ: ১৯ জুলাই ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে বর্ণিত পত্রের মর্মানুসারে জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ সদর উপজেলাধীন সকল 'উচ্চ বিদ্যালয়'; 'একাদশ ও দ্বাদশ শ্রেণি'; 'অনার্স, মাষ্টার্স ও স্নাতক'; 'মাদ্রাসা'; 'কারিগরি ও ভোকেশনাল' পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে নজরুল বর্ষ উদযাপন উপলক্ষ্যে নিম্নে বর্ণিত প্রতিযোগিতার আয়োজন সম্পন্ন করে আগামী ২৫শে জুলাই ২০২৬ খ্রি. তারিখের মধ্যে বিজয়ীদের নাম নিম্ন স্বাক্ষরকারীর অফিসে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হল।

| ক্র. নং | প্রতিযোগিতার বিষয় | স্থান নির্ধারণ | অংশগ্রহনকারী |
|---|---|---|---|
| ০১. | সংগীত: নজরুল সংগীত | ১ম, ২য় ও ৩য় স্থান | # উচ্চ বিদ্যালয়সমূহ<br># একাদশ ও দ্বাদশ শ্রেণি<br># অনার্স, মাষ্টার্স, স্নাতক<br># মাদ্রাসা<br># কারিগরি ও ভোকেশনাল |
| ০২. | কবিতা ও প্রবন্ধ: কবিতা আবৃত্তি | ১ম, ২য় ও ৩য় স্থান | |
| ০৩. | চিত্রাংকন | ১ম, ২য় ও ৩য় স্থান | |
| ০৪. | নাটক | ০১টি প্রতিষ্ঠান থেকে ০১টি নাট্যদল | |
| ০৫. | নৃত্য | ১ম, ২য় ও ৩য় স্থান | |

উল্লেখ্য, সকল অনুষ্ঠানের ব্যানার ও ছবি স্ব-স্ব প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

২০/০৭/২০২৬

শেখ মো: কামরুজ্জামান
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ সুপারিনটেনডেন্ট (সকল)

................................................, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ

স্মারক নং: ৩৭.০২.৪৪১৯.০০০.১৫.০৩.২৬-২৪১(০৩) তারিখ: ২০-০৭-২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হল:

১। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
২। জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ।
৩। অফিস কপি।

২০/০৭/২০২৬

(শেখ মো: কামরুজ্জামান)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৪৪.২৬.(অংশ-২).৫১৫ তারিখ: ০৪ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
১৯ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে নজরুল বর্ষ উপলক্ষ্যে 'দেশব্যাপী সাংস্কৃতিক প্রতিযোগিতার কর্ম পরিকল্পনা' প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, এ বছর (২৫ মে ২০২৬ - ২৫ মে ২০২৭) জাতীয়ভাবে 'নজরুল বর্ষ' হিসেবে ঘোষণা করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জীবন, সাহিত্য, দর্শন ও সৃষ্টিকর্ম সাধারণ মানুষের কাছে পৌঁছে দেয়ার লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে 'দেশব্যাপী সাংস্কৃতিক প্রতিযোগিতার কর্ম পরিকল্পনা' প্রণয়ন করা হয়েছে। উল্লেখ্য গত ১৯/০৭/২০২৬ খ্রি. তারিখ মন্ত্রিপরিষদ বিভাগের সহযোগিতায় সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাদের সাথে এ মন্ত্রণালয়ের সচিব এর সভাপতিত্বে জুম অনলাইন প্লাটফর্মে সভা অনুষ্ঠিত হয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, নজরুল বর্ষ উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে গৃহীত 'দেশব্যাপী সাংস্কৃতিক প্রতিযোগিতার কর্ম পরিকল্পনা (সময়কাল- ১৯/০৭/২০২৬ থেকে ০৫/০৮/২০২৬)' বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি: 'দেশব্যাপী সাংস্কৃতিক প্রতিযোগিতার কর্ম পরিকল্পনা' (০২ পাতা)।**

(আজম উদ্দীন তালুকদার)
সিনিয়র সহকারী সচিব
৫৫১০১১৬৫
event.section@moca.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. উপাচার্য/রেজিস্ট্রার, সকল সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়
..........................................................................................;
২. বিভাগীয় কমিশনার (সকল);
৩. জেলা প্রশাসক (সকল);
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৫. জেলা শিক্ষা অফিসার (সকল);
৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল);
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৮. উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল);
৯. জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি (সকল)।

# নজরুল বর্ষ উপলক্ষ্যে

# “দেশব্যাপী সাংস্কৃতিক প্রতিযোগীতার কর্ম পরিকল্পনা”

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে

**সময়কাল : জুলাই-১৯ হতে আগষ্ট-০৫**

**মূল উদ্দেশ্য :**

- জাতীয় পর্যায়ে নজরুল সংস্কৃতি চর্চা ও সংরক্ষণ
- তরুণ প্রজন্মকে সাংস্কৃতিক কর্মকান্ডে সম্পৃক্ত করা
- সৃজনশীলতা বিকাশ ও প্রতিভা অন্বেষন
- একতা ও সম্প্রীতি জোরদার করা

**প্রতিযোগীতার বিষয়সমূহ :**

| | | |
|---|---|---|
| ❖ সঙ্গীত<br>• নজরুল সঙ্গীত | ❖ কবিতা ও প্রবন্ধ<br>• কবিতা আবৃত্তি | ❖ চিত্রাংকন<br>❖ নাটক<br>❖ নৃত্য |

**সময়কাল ও ধাপসমূহ :**

| ধাপ/স্তর | সময়কাল (দিনসমূহ) |
|---|---|
| স্কুল ভিত্তিক | ৭ দিন, ১৯ জুলাই – ২৫ শে জুলাই |
| উপজেলা/পৌরসভা ভিত্তিক | ৩ দিন, ২৬ জুলাই - ২৮ জুলাই |
| জেলা ভিত্তিক | ৫ দিন, ২৯ জুলাই – ২ আগষ্ট |
| বিভাগ ভিত্তিক | ২ দিন, ৩ আগষ্ট – ৪ আগষ্ট |
| জাতীয় ভিত্তিক | ১ দিন, ৫ আগষ্ট |

সকল প্রতিষ্ঠানে অনুষ্ঠান সম্পন্ন করত: ২৫ জুলাই ২০২১খ্রি. তারিখের মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, ঝিনাইদহ সদরে সরাসরি ফলাফলের হার্ডকপি জমা দেওয়ার জন্য অনুরোধ করা হল।

আজম উদ্দীন তালুকদার
সিনিয়র সহকারী সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

২০/০৭/২০২১

শেখ মো: কামরুজ্জামান
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
সদর, ঝিনাইদহ।

## যে সকল প্রতিষ্ঠানে কর্মসূচী পালিত হবে :

- প্রাথমিক বিদ্যালয়সমূহ
- উচ্চ বিদ্যালয়সমূহ
- একাদশ ও দ্বাদশ শ্রেণী
- অনার্স, মাষ্টার্স, স্নাতক
- পাবলিক বিশ্ববিদ্যালয়
- প্রাইভেট বিশ্ববিদ্যালয়
- মাদ্রাসা
- কারিগরি ও ভোকেশনাল
- জাতীয় বিশ্ববিদ্যালয়

## পর্যায়ক্রম : স্কুল হতে জাতীয় :

- স্কুল পর্যায় : স্কুল তার নিজস্ব ব্যবস্থাপনায় সাংস্কৃতিক প্রতিযোগীতার আয়োজন করবে। এই প্রতিযোগীতায় উল্লেখিত বিষয়ের মধ্য হতে প্রতিযোগীতার আয়োজন করতে হবে।
- ফলাফল : স্কুলে প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থান অধিকারীর নাম উপজেলা সাংস্কৃতিক কমিটির নিকট প্রেরণ করতে হবে।
- উপজেলা পর্যায় : উপজেলা কমিটি সুবিধাজনক দিন ঠিক করে প্রতিযোগীতার আয়োজন করবে। আয়োজনের ভেন্যু, বিচারক এবং সকল প্রস্তুতি এই কমিটি গ্রহণ করবে। এই কমিটি হবে নিম্নরূপ :

| | |
|---|---|
| ○ আহবায়ক | : উপজেলা নির্বাহী অফিসার |
| ○ সদস্য | : স্থানীয় ছয়জন সংস্কৃতি অনুরাগী বিশিষ্ট ব্যাক্তি |
| ○ বিচারক | : প্রতিযোগীতার সাংস্কৃতিক বিষয়ের বিচারকগণ |
| ○ সদস্য সচিব | : জেলা সাংস্কৃতিক কর্মকর্তা বা তার প্রতিনিধি |

- জেলা পর্যায় : উপজেলা হতে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে জেলা সাংস্কৃতিক কমিটি সুবিধাজনক সময়ে প্রতিযোগীতার আয়োজন করবে এবং ফলাফল বিভাগীয় কমিটির নিকট প্রেরণ করবে (অনুরূপ কমিটি গঠন করবে)
- বিভাগ পর্যায় : বিভাগীয় প্রতিযোগীতা শেষে ফলাফল মন্ত্রণালয়ের জাতীয় কমিটিতে পেরণ করবে (অনুরূপ কমিটি গঠন করবে)
- জাতীয় পর্যায় : জাতীয় কমিটি জাতীয় প্রতিযোগীতা শেষ করে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে পুরস্কার বিতরণ করবে।
- **চূড়ান্ত ফলাফলের অনুষ্ঠান মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত সময় অনুযায়ী পরিবর্তন হতে পারে।**

আজ[illegible] উদ্দীন তালুকদার
সি[illegible] সহকারী সচিব
সং[illegible] বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজা[illegible]ী বাংলাদেশ সরকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ
সাধারণ শাখা
www.jhenaidah.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৪৪০০.০০০.০১৩.০২.০০৪৫.১৬.৫৮৫

তারিখ: ৬ শ্রাবণ ১৪৩৩
২১ জুলাই ২০২৬

বিষয়: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে নজরুল বর্ষ উপলক্ষ্যে **'দেশব্যাপী সাংস্কৃতিক প্রতিযোগিতার কর্ম পরিকল্পনা'** বাস্তবায়ন

সূত্র: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়-এর স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৪৪.২৬.(অংশ-২).৫১৫; তারিখ: ১৯ জুলাই ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে নজরুল বর্ষ পালন উপলক্ষ্যে 'দেশব্যাপী সাংস্কৃতিক প্রতিযোগিতার কর্ম পরিকল্পনা' প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, উক্ত কর্ম পরিকল্পনা অনুযায়ী সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ
(১) দেশব্যাপী সাংস্কৃতিক প্রতিযোগিতার কর্মপরিকল্পনা প্রেরণ-৫১৫(1)

২১-০৭-২০২৬
মেহেদী হাসান
সহকারী কমিশনার
ফোন : ০২৪৭৭৭৪৭১৭৮
ইমেইল : acgenjhenaidah@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঝিনাইদহ।
২। জেলা শিক্ষা কর্মকর্তা, ঝিনাইদহ।
৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঝিনাইদহ।
৪। জেলা কালচারাল অফিসার, ঝিনাইদহ।